



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৯৪৯

০২-২২৩৩৮৬৮১

ই-মেইল [dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২২-২৩/ ৮৮৮(১২০)

তারিখঃ ৩০/০৮/২০২২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূলস্তোত্রে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য এবং বর্তমানে নারীদের ভূমিকা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। দেশের দারিদ্র্য ত্রাসকরণের লক্ষ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, সমতাভিত্তিক সমাজ গঠন ও নারীর ক্ষমতায়ন বিশেষ উল্লেখযোগ্য। নারীদের প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে অংশগ্রহণকে তরান্বিত করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক চলতি ২০২২-২৩ অর্থবছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো। উল্লেখ্য, বিবেচ্য লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ অর্থবছরে প্রদত্ত সিএমএসএমই খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত থাকবে।

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	সিএমএসএমই খাতে বিতরণকৃত খণ্ডের লক্ষ্যমাত্রা	নারী উদ্যোক্তা খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা	বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা ০৫.০৯.২০২২ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহে বন্টন করবেন এবং তার একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। একইভাবে বিভাগ থেকে প্রাণ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ বিগত অর্থবছরের পারফরমেন্স ও সম্ভাব্যতার নিরিখে অঞ্চলাধীন শাখা সমূহের মধ্যে বন্টন করে উহার একটি কপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।
০১.	ঢাকা	১২৮০.০০	১৯২.০০	
০২.	ময়মনসিংহ	৫১৫.০০	৭৭.২৫	
০৩.	চট্টগ্রাম	৪৭০.০০	৭০.৫০	
০৪.	খুলনা	৫৭৫.০০	৮৬.২৫	
০৫.	বরিশাল	১৪০.০০	২১.০০	
০৬.	সিলেট	২৯৫.০০	৪৪.২৫	
০৭.	কুমিল্লা	৭৪০.০০	১১১.০০	
০৮.	ফরিদপুর	৫২৫.০০	৭৮.৭৫	
০৯.	কুষ্টিয়া	৩৬০.০০	৫৪.০০	
১০.	এলগিও	১০০.০০	১৫.০০	
সর্বমোটঃ		৫০০০.০০	৭৫০.০০	

০৩। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের সেক্টর ৫, ২০১৯ তারিখে জারীকৃত এসএমই-এসপিডি সার্কুলার নং-০২ (এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক আগামী ২০২৪ সালে নারী উদ্যোক্তা খাতে খণ্ড স্থিতি হতে হবে ব্যাংকের সিএমএসএমই খাতের নীট খণ্ড ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫%। সে লক্ষ্যকে সামনে নিয়ে নারী উদ্যোক্তা খাতে সিএমএসএমই খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহকে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

- (ক) অত্র ব্যাংকের প্রতিটি শাখায় “Women Entrepreneurs’ Dedicated Desk” চালু রয়েছে, সেখানে প্রয়োজনীয় উপযুক্ত জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিয়োগ করে তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ডেক্সের দৃশ্যমান স্থানে “Women Entrepreneurs’ Dedicated Desk” নামীয় ফলক প্রদর্শন করতে হবে এবং সম্ভাব্য/বিদ্যমান এসএমই নারী উদ্যোক্তাদেরকে খণ্ড গ্রহণের বিষয়ে তথ্য /পরামর্শ প্রদান করতে হবে;
- (খ) ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে একটি “Women Entrepreneur’s Development Unit”(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) গঠন করা হয়েছে। এ ইউনিট শাখা পর্যায়ের Women Entrepreneurs’ Dedicated Desk সমূহের কার্যক্রম মনিটরিং করবে। নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটে নারী কর্মকর্তা নিয়োজিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে;
- (গ) নারী উদ্যোক্তাদের খণ্ড আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;

১

চলমান পাতা-০২

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোগাদের জন্য বার্ষিক খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

- (ঘ) বর্তমান ২০২২-২৩ অর্থবছরে বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১৫ ভাগ নারী উদ্যোগাদের জন্য সংরক্ষণ করতে হবে। স্থাপিত ডেক্সের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোগা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সম্বন্ধনাময় নারী উদ্যোগাকে অর্থায়ন করতে হবে;
- (ঙ) নারী উদ্যোগাদের অনুকূলে কুটির, মাইক্রো ও স্কুল উদ্যোগের ক্ষেত্রে (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও) জমি, বিস্তি প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০,০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোগাদের অনুকূলে ৫,০০ লক্ষ টাকা পর্যন্ত খণ্ড প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সম্বৃদ্ধির নিশ্চিত করে সিএমএসএমই খাতে বিশেষত নারী উদ্যোগা খাতে খণ্ড প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- চ) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোগাগণই খণ্ড সুবিধা ও প্রগোদ্ধনা সুবিধা প্রাপ্ত হবেন (এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২০/০৬/২০২২)। অত্র স্কীমের আওতায় খণ্ডহিতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেন্টিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্বারা যথাযথভাবে খণ্ড ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রগোদ্ধনা সুবিধা প্রাপ্ত হবে। শাখাসমূহে উক্ত স্কীমের আওতায় প্রদত্ত খণ্ডের উপর প্রগোদ্ধনা প্রাপ্তির প্রক্রিয়া এবং প্রয়োজনীয় দলিলাদির তালিকা সম্বলিত লিফলেট/পোষ্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ছ) সিএমএসএমই খাতে নারী উদ্যোগাগণকে উদ্বৃদ্ধকরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক প্রদত্ত নীতি সহায়তাসমূহ অবহিতকরণের নিমিত্ত বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি/কর্মশালার আয়োজন করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এমএমই খণ্ড নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন(প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএমএমই অর্থায়ণ সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক অত্র ব্যাংকে ২০২২-২৩ অর্থ-বছরে নারী উদ্যোগা খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ ও অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই মাঠ পর্যায়ে উক্ত খণ্ড বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত




(মোহাম্মদ মস্তুল ইসলামারী ২০২২)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

তারিখঃ ঐ

নং-বিকেবি-প্রকা-ক্রেটিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২২-২০২৩/ ২৬৮(২১৮০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ।

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



০১/০১/২০২২  
৩০/০৬/২০২২

(মোহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক